

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dvd.gov.bd](http://www.dvd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০০৩.১৭-

তারিখ :-----খ্রিঃ।

বিষয়ঃ জনাব ফুলন রানী দেব, অবসরপ্রাপ্ত অফিস সহায়ক-এর এককালিন আনুতোষিক ও লাম্পস্মান্ট মঞ্জুরী প্রসঙ্গে।


যুব উন্নয়ন অধিদপ্তরাধীন হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলা কার্যালয়ের অফিস সহায়ক জনাব ফুলন রানী দেব ১৫-০৪-২০১৭খ্রিঃ তারিখ হতে চাকুরি থেকে স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন। তার মোট পেনশনযোগ্য চাকুরিকাল ৩১ বছর ০৯ মাস ১০দিন এবং তিনি ৯০% হারে পেনশন প্রাপ্য। প্রত্যাশিত শেষ বেতন সনদ(ইএলপিসি) অনুযায়ী তিনি পূর্ণ গড় বেতনে ০২ বছর ০৭ মাস ১৯ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং অবসর গ্রহণের অব্যবহিত পূর্বের তারিখে তার মূল বেতন ১৩,৭১০/-টাকা। তিনি ১৩,৭১০/-টাকার ৯০% হারে ১২,৩৩৯/-টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১২,৩৩৯/-টাকার ১ম অর্ধাংশ ৬,১৬৯/৫০ টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৬,১৬৯/৫০x২৩০=১৪,১৮,৯৮৫/-টাকার সাথে ২য় অর্ধাংশের বিনিময় হার ১১৫/-টাকা হারে ৬,১৬৯/৫০x১১৫ = ৭,০৯,৪৯২/৫০ টাকা যোগ করে মোট (১৪,১৮,৯৮৫+৭,০৯,৪৯২/৫০) = ২১,২৮,৪৭৭/৫০ টাকা এককালিন আনুতোষিক এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ ১৩,৭১০x১৮ = ২,৪৬,৭৮০/-টাকা লাম্পস্মান্ট প্রাপ্য। উল্লেখ্য, উন্নয়ন প্রকল্পে চাকুরিকালের টাইমস্কেলজনিত কারণে অতিরিক্ত উত্তোলিত বেতনভাতা বাবদ ২,৫৩,৩৮৩/-(দুই লক্ষ তিপান্ন হাজার তিনশত তিরিশি) টাকা আনুতোষিক হতে কর্তনযোগ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকে জারীকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি, ২০০৯ এর অনুঃ-২.০৬ মোতাবেক প্রাপ্য আনুতোষিক বাবদ ২১,৭৫,০৫২/৫০ টাকা হতে ২,৫৩,৩৮৩/- টাকা কর্তন করে অবশিষ্ট (২১,২৮,৪৭৭/৫০-২,৫৩,৩৮৩)= ১৮,৭৫,০৯৪/৫০-(আঠার লক্ষ পঁচাত্তর হাজার চুরানব্বই টাকা/৫০) টাকা ও জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর অনুঃ-১০(২)(খ) অনুযায়ী লাম্পস্মান্ট বাবদ ২,৪৬,৭৮০/- (দুই লক্ষ ছিচল্লিশ হাজার সাতশত আশি) টাকা জনাব ফুলন রানী দেব-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। তার এককালিন আনুতোষিক ও লাম্পস্মান্ট পরিশোধের নিমিত্ত নিম্নবর্ণিত কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো :

নং	বিবরণ	পরিমাণ
১	পেনশন ফরম ২.১(সংযোজনী-৪)	০১(এক) কপি
২	নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ(সংযোজনী-৬)	০১(এক) কপি
৩	প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকারী ঘোষণাপত্র(সংযোজনী-২)	০১(এক) কপি
৪	না-দাবী প্রত্যয়নপত্র(সংযোজনী-৮)	০১(এক) কপি
৫	প্রত্যাশিত শেষ বেতন সনদ(সংযোজনী-১)	০১(এক) কপি
৬	মূল চাকুরি বহি	০১(এক) কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৬(ছয়) কপি।

  
(আ, ন, আহম্মদ আলী)  
যুগ্ম-সচিব  
পরিচালক(প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩।

উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা

চুনারুঘাট, হবিগঞ্জ।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.০০৩.১৭- ৪৪৪,

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, হবিগঞ্জ।

৩। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।


৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, চুনারুঘাট, হবিগঞ্জ।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব ফুলন রানী দেব, গ্রাম+ডাক+উপজেলাঃ মাধবপুর, জেলাঃ হবিগঞ্জ।

৭। অফিস কপি/গার্ড নথি।

তারিখ : ২৩/০২/২০২০ খ্রিঃ।

  
(মোঃ শাহাদাত হোসেন)  
নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা  
ফোনঃ ৪৭১১০৬৭২।